সংবাদ

তারিখ 04 AUG 2007
পৃষ্ঠা ১১ কলাম ৭

# শেরাটনে অস্ট্রেলিয়ান শিক্ষামেলা শুরু আজ

নিজস্ব বার্তা পরিবেশক

আজ শনিবার থেকে অস্ট্রেলিয়ান শিক্ষামেলা শুরু হচ্ছে। নগরীর হোটেল শেরাটনে অনুষ্ঠিত এ মেলা চলবে ২ দিন।

প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ছাত্রছাত্রী, অভিভাবক ও দর্শনার্থীদের জন্য মেলা খোলা থাকবে। অস্ট্রেলিয়ার বিখ্যাত ১৩টি ইউনিভার্সিটি মেলায় অংশ নেবে। এসব ইউনিভার্সিটির অধীনে অস্ট্রেলিয়ার বিভিন্ন টেকনিক্যাল ও ভোকেশনাল ইন্সটিটিউটও অংশ নেবে বলে মেলা আয়োজকরা জানিয়েছেন।

অস্ট্রেলিয়ায় উচ্চশিক্ষার জন্য আগ্রহী ছাত্রছাত্রীরা অস্ট্রেলিয়ার ১৩টি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদে ভর্তির তারিখ, টিউশন ফি, থাকা খাওয়াসহ নানা খোঁজ-খবর জানতে পারবে। অস্ট্রেলিয়ায় পড়াশোনার পাশাপাশি চাকরির সুযোগ সম্পর্কেও তথ্য জানা যাবে এ মেলা থেকে।

অস্ট্রেলিয়ায় পড়াশোনার জন্য আইইএলটিএস স্কোর কত প্রয়োজন সে সম্পর্কেও শিক্ষার্থীরা জানতে পারবে বলে মেলা উদ্যোক্তারা জানিয়েছেন।

অস্ট্রেলিয়ান ট্রেড কমিশন, অস্ট্রেলিয়ান হাইকমিশন ও আইডিপি এডুকেশনের যৌথ উদ্যোগে এ মেলার আয়োজন করা হয়েছে।